

তারিখ ০১.২ জুন ১৯০৬

পৃষ্ঠা ৮ কলম ৫

৩

আজকের কাগজ

৫ বোর্ডের এসএসসি সংখ্যাগরিষ্ঠ শিক্ষার্থীর বিপর্যয়ের কারণ প্রশ্নব্যাংকের অনুপস্থিতি

সুমন ইসলাম : প্রতিকালে রাজশাহী অংশগ্রহণকারীর মধ্যে পাস করেছে ১৯ এবং নব প্রবর্তিত চট্টগ্রাম শিক্ষা দশমিক ২৩ শতাংশ। যশোর বোর্ডে বোর্ডের ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার ফলাফল ঘোষণার মধ্যদিয়ে ৭৪ হাজার '৯শ' ৫১ জন দেশের ৫টি শিক্ষা বোর্ডের ফলাফল ঘোষণার কাজ শেষ হলো। এবার প্রশ্নব্যাংকের ক্ষেত্রে না থাকায় ৫টি শিক্ষা বোর্ডেই পাসের হারের ব্যাপক প্রভাব লক্ষ্য করা গেছে। সবগুলো বোর্ড মিলে এবার গড় পাসের হার ৪২ দশমিক ৬১ শতাংশ। ১৯৯৫ সালে এই হার ছিলো ৭৩ দশমিক ২০ শতাংশ। চলতি বছর ৫টি বোর্ডের অধীনে মোট ৪ লাখ ৬৪ হাজার '২শ' ৬৭ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে উভীর্ণ হয়েছে ১ লাখ ৯৭ হাজার '৮শ' ১১ জন পরীক্ষার্থী। ৫ বোর্ডের মধ্যে কুমিল্লা বোর্ড সর্বোচ্চ পাসের হারের জন্যে তার খ্যাতি ধরে রাখতে পেরেছে। চলতি বছরে এ বোর্ডের অধীনে ৮০ হাজার '৪শ' ৬৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ৩৭ হাজার '৮শ' ৩৪ জন উভীর্ণ হয়েছে। পাসের হার ৪৭ দশমিক ০২ শতাংশ।

পাসের হারে সর্বনিম্ন অবস্থানে রয়েছে রাজশাহী বোর্ড। ১ লাখ ২৬ হাজার '২শ' ৩৪ জন পরীক্ষার্থী এ বোর্ডের অধীনে পরীক্ষা দিলেও পাস করেছে মাত্র ৪৯ হাজার ৫০ জন। পাসের হার ৩৮ দশমিক ৮৬ শতাংশ। অন্যান্য বোর্ডের মধ্যে, চট্টগ্রাম বোর্ডে ৪৪ হাজার '২শ' ১৮ জন

অংশগ্রহণকারীর মধ্যে পাস করেছে ১৯ দশমিক ২৩ শতাংশ। যশোর বোর্ডে ৭৪ হাজার '৯শ' ৫১ জন অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩২ হাজার '৯শ' ৭১ জন। পাসের হার ৪৩ দশমিক ৯৯ শতাংশ এবং ঢাকা বোর্ডে ১ লাখ ৩৮ হাজার '৪শ' অংশগ্রহণকারী পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫৮ হাজার '৪শ' ১১ জন। পাসের হার ৪২ দশমিক ২০ শতাংশ।

ঢাকা বোর্ডে বিজ্ঞান মেয়েদের পাসের হার ৬০ দশমিক ৪৮ শতাংশ। এবং ছেলেদের ৫৯ দশমিক ৬৮ শতাংশ। সমাজ বিজ্ঞান মেয়েদের পাসের হার ২৭ দশমিক ৪২ শতাংশ। এবং ছেলেদের ২৭ দশমিক ৩৫ শতাংশ।

যশোর বোর্ডে বিজ্ঞান ছেলেদের পাসের হার ৬৬ দশমিক ৬৬ শতাংশ এবং মেয়েদের ৬৩ দশমিক ৭০ শতাংশ, সমাজ বিজ্ঞানে ছেলেদের পাসের হার ৩৫ দশমিক ৬৬ শতাংশ। এবং মেয়েদের ৩৪ দশমিক ২৮ শতাংশ।

কুমিল্লা বোর্ডে বিজ্ঞানে ছেলেদের পাসের হার ৬৭ দশমিক ০২ শতাংশ। এবং মেয়েদের ৬৫ দশমিক ৬১ শতাংশ, সমাজ বিজ্ঞানে মেয়েদের পাসের হার ৩০ দশমিক ৪৭ শতাংশ। এবং ছেলেদের ৩০ দশমিক ৪৬ শতাংশ।

চট্টগ্রাম বোর্ডে বিজ্ঞানে ছেলেদের পাসের হার ৬১ দশমিক ৮২ শতাংশ। এবং মেয়েদের ৬১ দশমিক ৬১ দশমিক ৮২ শতাংশ, সমাজ বিজ্ঞানে মেয়েদের পাসের হার ৩২ দশমিক ৭৭ শতাংশ এবং ছেলেদের ৩১ দশমিক ৬৯ শতাংশ।

রাজশাহী বোর্ডে বিজ্ঞানে মেয়েদের পাসের হার ৬৮ দশমিক ৯২ শতাংশ। এবং ছেলেদের ৬৪ দশমিক ২৪ শতাংশ। সমাজ বিজ্ঞানে মেয়েদের পাসের হার ৩০ দশমিক ৫৪ শতাংশ। এবং ছেলেদের ২৪ দশমিক ৯৭ শতাংশ।